# জাতীয় কৃষি আবহাওয়া পরামর্শ সেবা বুলেটিন

**১১ নভেম্বর** ২০২০ (**বুধবার**)

[**সময়কালঃ ১১.১১.২০২০–১৫.১১.২০২০**]



## ডিসক্লেইমার

কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্পের আওতায় পরীক্ষামুলকভাবে জাতীয় পর্যায়ে এবং ৬৪ টি জেলায় প্রেরণের লক্ষ্যে কৃষি আবহাওয়া সংক্রান্ত পরামর্শ সেবা সম্বলিত বুলেটিন তৈরী করা হয়েছে। সংশ্লিষ্ট সকলের মূল্যবান মতামত ও পরামর্শের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করা হলো।

যোগাযোগের ঠিকানাঃ ফারহানা হক, সবুজ রায়
**ই-মেইলঃ** pdamisdp@dae.gov.bd
**ফোনঃ** ০২-৫৫০২৮৪১৪, ০২-৫৫০২৮৪১৮

<u>মুখ্য কৃষি আবহাওয়া পরামর্শ</u>

**করোনা ভাইরাস কোভিড)-১৯) সংক্রমণ থেকে রক্ষার জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ:**

করোনা ভাইরাসের সংক্রমণ থেকে রক্ষার জন্য ফসল সংগ্রহ বা ব্যবস্থাপনার সময় সামাজিক দূরত্ব বজায় রাখুন, মুখে মাস্ক ব্যবহার করুন এবং বাংলাদেশ সরকারের অন্যান্য দিক নির্দেশনা বজায় রাখুন।

**আবহাওয়া পরিস্থিতি ও কৃষি আবহাওয়া পরামর্শ:**

মৌসুমের স্বাভাবিক লঘুচাপ দক্ষিণ বঙ্গোপসাগরে অবস্থান করছে, এর বর্ধিতাংশ উত্তর বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত।

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের পূর্বাভাস অনুযায়ী আগামী ২৪ ঘণ্টায় অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারাদেশের আবহাওয়া প্রধানত: শুষ্ক থাকতে পারে। সারাদেশে রাতের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে এবং দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। পরবর্তী ৭২ ঘণ্টায় আবহাওয়ার অবস্থার সামান্য পরিবর্তন হতে পারে।

মধ্যমেয়াদি পূর্বাভাস অনুযায়ী আগামী পাঁচ দিনে দেশের কোন জেলায় বৃষ্টিপাত হওয়ার সম্ভাবনা নেই। এই পরিস্থিতিতে নিম্নলিখিত কৃষি আবহাওয়া পরামর্শ প্রদান করা হলো।

**আমন ধান:**

- সেচ দিন এবং জমির প্রয়োজনীয় পানির স্তর বজায় রাখুন।
- নিয়মিত মাঠ পর্যবেক্ষণ করুন। বাদামী গাছ ফড়িং এর আক্রমণ দেখা দিলে হেক্টর প্রতি ১২৫ মিলি ইমিডাক্লোপ্রিড প্রয়োগ করুন।
- মাজরা পোকার আক্রমণ দেখা দিলে নিয়ন্ত্রণের জন্য প্রতি হেক্টরে ১.৪ কেজি কার্টাপ অথবা ৭৫ গ্রাম থায়ামেথোক্সাম+ক্লোরানট্রানিলিপ্রোল প্রয়োগ করুন।
- গান্ধী পোকার আক্রমণ দেখা দিলে হেক্টরপ্রতি ১.৭ কেজি কার্বারিল অথবা ১.১২ কেজি আইসোপ্রোকার্ব/এমআইপিসি প্রয়োগ করুন।
- পাতা মোড়ানো পোকার আক্রমণ নিয়ন্ত্রণে হেক্টরপ্রতি ১.৭ কেজি কার্বারিল অথবা ১.১২ কেজি আইসোপ্রোকার্ব/এমআইপিসি প্রয়োগ করুন।
- সবুজ পাতা ফড়িং এর আক্রমণ নিয়ন্ত্রণে হাতজাল দিয়ে পোকা ধরে মেরে ফেলুন। আক্রমণ বেশি হলে হেক্টরপ্রতি ১.৭ কেজি কার্বারিল অথবা ১.১২ কেজি আইসোপ্রোকার্ব/এমআইপিসি প্রয়োগ করুন।
- বিভিন্ন ধরণের পোকার আক্রমণ থেকে রক্ষা পেতে নিয়মিত মাঠ পর্যবেক্ষণ করুন। পোকা নিয়ন্ত্রণের জন্য আলোক ফাঁদ ব্যবহার করুন।
- খোল পোড়া রোগ দমনের জন্য পর্যায়ক্রমে ভেজা ও শুকনা পদ্ধতিতে সেচ ব্যবস্থাপনা অনুসরণ করলে ভাল ফল পাওয়া যায়। এছাড়া ফলিকুর/ নেটিভো/স্কোর অনুমোদিত মাত্রায় প্রয়োগ করা যায়।
- ব্যাকটেরিয়াজনিত পাতা পোড়া রোগের প্রাথমিক অবস্থায় ৬০ গ্রাম এমওপি, ৬০ গ্রাম থিওভিট ১০ লিটার পানিতে মিশিয়ে ৫ শতাংশ জমিতে প্রয়োগ করতে হবে। থোড় বের হওয়ার আগে রোগ দেখা দিলে বিঘাপ্রতি ৫ কেজি পটাশ সার উপরি প্রয়োগ করতে হবে।
- বর্তমান আবহাওয়ায় ব্লাস্ট রোগ দেখা দিতে পারে। এ রোগ নিয়ন্ত্রণের জন্য প্রতি বিঘা জমিতে ট্রাইসাইক্লাজল/স্ট্রবিন গ্রুপের অনুমোদিত ছত্রাকনাশক ৬৭ লিটার পানিতে ভালভাবে মিশিয়ে শেষ বিকালে ৫-৭ দিন অন্তর দু'বার স্প্রে করতে হবে। ব্লাস্ট রোগ দেখা দিলে জমিতে পানি ধরে রাখতে হবে। পাতা ব্লাস্ট রোগের জন্য রোগের প্রাথমিক অবস্থায় এবং শীষ ব্লাস্ট রোগ দমনের জন্য রোগ হওয়ার আগেই ছত্রাকনাশক প্রয়োগ করতে হবে।

- ফসল সংগ্রহের ১৫ দিন আগে জমি থেকে পানি নিষ্কাশন করুন।
- ফসল ৮০% পরিপক্ক হলে রৌদ্রজ্জ্বল দিনে সংগ্রহ করুন।

**সবজি:**

- হালকা সেচ প্রয়োগ করুন।
- বেগুনে ডগা ও ফল ছিদ্রকারী পোকার আক্রমণ দেখা দিলে কীড়াসহ আক্রান্ত ডগা কেটে ধ্বংস করুন। ফেরোমন ফাঁদ ব্যবহার করে পোকার বংশবৃদ্ধি অনেকটা কমিয়ে আনা সম্ভাব। একান্ত প্রয়োজনে কেবল মাত্র পরিমিত মাত্রায় নির্দিষ্ট ক্ষমতা সম্পন্ন  রাসায়নিক কীটনাশক অথবা স্থানীয়ভাবে সুপারিশকৃত জৈব কীটনাশক ব্যবহার করুন।
- কুমড়া জাতীয় সবজিতে মাছি পোকার আক্রমণ দেখা দিলে ফেরোমন ও বিষটোপ ফাঁদের যৌথ ব্যবহার করুন। আলফা সাইপারমেথ্রিন গ্রুপের বালাইনাশক ব্যবহার করা যেতে পারে।
- লাউ জাতীয় সবজিতে পাউডারি মিলডিউ দেখা দিলে হেক্সাকোনাজল অথবা মেনকোজেব প্রয়োগ করুন।
- শিম ও বাঁধাকপিতে জাব পোকার আক্রমণ দেখা দিলে ক্লোরপাইরিফস গ্রুপের বালাইনাশক অনুমোদিত মাত্রায় ব্যবহার করুন।

**উদ্যান ফসল:**

- ফল বাগানের আন্ত:পরিচর্যা করতে হবে।
- কলাগাছের পাতায় সিগাটোকা রোগের লক্ষণ দেখা দিলে প্রতি লিটার পানিতে ০.৫ মিলি স্কোর অথবা ২ গ্রাম নোইন বা ব্যাভিস্টিন অথবা ০.১ মিলি একোনাজল/ফলিকোর মিশিয়ে ১৫-২০ দিন অন্তর ২-৩ বার স্প্রে করতে হবে।
- কলার বিটল পোকার আক্রমণ দেখা দিলে আইসোপ্রোকার্ব (এমআইপিসি) গ্রুপের বালাইনাশক প্রয়োগ করুন।
- নারিকেলের মাকড় দমনের জন্য আক্রান্ত গাছের কচি ডাব কেটে পুড়িয়ে ফেলে গাছে মাকড়নাশক প্রয়োগ করতে হবে। এর সাথে আশেপাশের কম বয়সী গাছের কচি পাতাতেও মাকড়নাশক প্রয়োগ করতে হবে।
- পেয়ারায় মিলিবাগের আক্রমণ হলে অনুমোদিত বালাইনাশক ব্যবহার করুন। প্রতি লিটার পানিতে ৫ গ্রাম হারে গুড়া সাবান মিশিয়ে স্প্রে করেও এ পোকা দমন করা যায়।
- পেয়ারায় ফলের মাছি পোকার আক্রমণ দেখা দিলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করুন।
- কচি ফল গাছে সেচ প্রদান করুন।

**গবাদি পশু:**

- রোগ প্রতিরোধে গবাদি পশুকে টীকা দিন।
- যে কোন রোগের লক্ষণ দেখা দিলে যথাযথ চিকিৎসার জন্য দ্রুত পশু চিকিৎসকের পরামর্শ নিন।

**হাঁসমুরগী:**

- রোগ প্রতিরোধে হাঁসমুরগীকে টীকা দিন।
- যে কোন রোগের লক্ষণ দেখা দিলে যথাযথ চিকিৎসার জন্য দ্রুত পশু চিকিৎসকের পরামর্শ নিন।

**মৎস্য:**

- পুকুরের পানি পরিষ্কার করার জন্য চুন প্রয়োগ করুন।
- যে কোন পরামর্শের জন্য স্থানীয় মৎস্য অফিসের সাথে যোগাযোগ রাখুন।

# দেশের বিভিন্ন এলাকার আবহাওয়া পরিস্থিতি

**গত ২৪ ঘন্টায় বৃষ্টিপাতের পরিমান (১১ নভেম্বর ২০২০, সকাল ০৬টা পর্যন্ত) এবং ১০ নভেম্বর ২০২০ এ সর্বোচ্চ তাপমাত্রা, ১১ নভেম্বর ২০২০ এ সর্বোনিম্ন তাপমাত্রা নিচে দেওয়া হলোঃ**

| বিভাগের নাম | পর্যবেক্ষণা-গারের নাম | বৃষ্টিপাতের পরিমাণ (মিঃ মিঃ) | সর্বোচ্চ তাপমাত্রা | সর্বনিম্ন তাপমাত্রা | বিভাগের নাম | পর্যবেক্ষণা-গারের নাম | বৃষ্টিপাতের পরিমাণ (মিঃ মিঃ) | সর্বোচ্চ তাপমাত্রা | সর্বনিম্ন তাপমাত্রা |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ঢাকা | ঢাকা | ০০ | ৩৩.০ | ২১.০ | রাজশাহী | রাজশাহী | ০০ | ৩২.০ | ১৮.৩ |
| | টাঙ্গাইল | ০০ | ৩৩.০ | ১৭.৪ | | ঈশ্বরদী | ০০ | ৩১.৫ | ১৮.৪ |
| | ফরিদপুর | ০০ | ৩২.৯ | ২১.০ | | বগুড়া | ০০ | ৩২.৮ | ১৯.৫ |
| | মাদারীপুর | ০০ | ৩২.৫ | ২০.০ | | বদলগাছী | ০০ | ৩২.০ | ১৬.০ |
| | গোপালগঞ্জ | ০০ | ৩২.০ | ২০.০ | | তাড়াশ | ০০ | ৩১.৬ | ২০.০ |
| | নিকলি | ০০ | ৩১.৩ | xx | | | | | |
| | | | | | রংপুর | রংপর | ০০ | ৩০.৬ | ১৮.৫ |
| ময়মনসিংহ | ময়মনসিংহ | ০০ | ৩২.০ | ১৬.৪ | | দিনাজপর | ০০ | ৩১.৬ | ১৫.৭ |
| | নেত্রকোনা | ০০ | ৩১.২ | ১৮.০ | | সৈয়দপর | ০০ | ৩১.৪ | ১৭.০ |
| | | | | | | তেঁতুলিয়া | ০০ | ৩১.৫ | ১২.৭ |
| চট্টগ্রাম | চট্টগ্রাম | ০০ | ৩৪.২ | ১৮.৫ | | ডিমলা | ০০ | ৩১.৬ | ১৬.০ |
| | সন্দ্বীপ | ০০ | ৩৩.৭ | ২০.১ | | রাজারহাট | ০০ | ২৯.৫ | ১৫.৫ |
| | সীতাকুন্ড | ০০ | ৩৪.৪ | ১৯.৫ | | | | | |
| | রাঙ্গামাটি | ০০ | ৩২.৫ | ২১.০ | খুলনা | খুলনা | ০০ | ৩৩.০ | ২১.৮ |
| | কুমিল্লা | ০০ | ৩৩.৭ | ১৯.৮ | | মংলা | ০০ | ৩২.০ | ২৩.০ |
| | চাঁদপুর | ০০ | ৩৪.০ | ১৯.৬ | | সাতক্ষীরা | ০০ | ৩২.৪ | ২২.৫ |
| | মাইজদীকোর্ট | ০০ | ৩৩.০ | ২২.৪ | | যশোর | ০০ | ৩৩.০ | ২০.৬ |
| | ফেনী | ০০ | ৩৩.৮ | ১৯.১ | | চুয়াডাঙ্গা | ০০ | ৩২.৭ | ১৯.৫ |
| | হাতিয়া | ০০ | ৩২.৫ | ২১.৫ | | কুমারখালী | ০০ | ৩১.০ | ২০.০ |
| | কক্সবাজার | ০০ | ৩৪.৪ | ২৩.৭ | | | | | |
| | কুতুবদিয়া | ০০ | ৩২.১ | ২২.২ | বরিশাল | বরিশাল | ০০ | ৩৩.০ | ১৯.৮ |
| | টেকনাফ | ০০ | ৩৩.০ | ২২.৫ | | পটুয়াখালী | ০০ | ৩২.৮ | ২২.১ |
| | | | | | | খেপুপাড়া | ০০ | ৩২.৬ | ২২.০ |
| সিলেট | সিলেট | ০০ | ৩২.০ | ২০.০ | | ভোলা | ০০ | ৩৩.৬ | ২০.৬ |
| | শ্রীমঙ্গল | ০০ | ৩২.০ | ১৬.৬ | | | | | |

**প্রধান বৈশিষ্ট্য সমূহঃ-:**


- গত সপ্তাহে দেশের দৈনিক উজ্জ্বল সূর্যকিরণ কালের গড় ৬.০৯ ঘন্টা ছিল ।
- গত সপ্তাহে দেশের দৈনিক বাষ্পীভবনের গড় ২.৯১ মিঃ মিঃ ছিল।


## সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ


**পূর্বাভাসঃ** অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারাদেশের আবহাওয়া প্রধানতঃ শুষ্ক থাকতে পারে।


**তাপমাত্রাঃ** সারাদেশে রাতের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে এবং দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।


## সপ্তাহের শেষে (১০ নভেম্বর ২০২০ পর্যন্ত) আবহাওয়া প্যারামিটারের স্থানিক বন্টন



Accumulated Rainfall (mm)
(04/11/2020 - 10/11/2020)
(mm)
No Rain/Trace 1 10 20 30 44



Anomaly Rainfall (mm)
(04/11/2020 - 10/11/2020)
Deficient ( -59% to - 20%)
Normal (-19% to 19%)
Excess (20% to 59%)
Large Excess (60% or more)



Maximum Temperature (°C)
(04/11/2020 - 10/11/2020)
(°C)
29 30 31 32 33



Anomaly MaximumTemperature (°C)
(04/11/2020 - 10/11/2020)
(°C)
-1 0 1 2



Minimum Temperature (°C)
(04/11/2020 - 10/11/2020)
(°C)
14 16 18 20 22 24



Anomaly Minimum Temperature (°C)
(04/11/2020 - 10/11/2020)
(°C)
-6 -4 -2 0 2



Diurnal Temperature (°C)
(04/11/2020 - 10/11/2020)
(°C)
8 10 12 14 16


Anomaly Diurnal Temperature (°C)
(04/11/2020 - 10/11/2020)
(°C)
1 2 3 4


Maximum Humidity (%)
(04/11/2020 - 10/11/2020)
(%)
90 92 94 96 99


Minimum Humidity (%)
(04/11/2020 - 10/11/2020)
(%)
35 41 47 52 58


Wind Speed (knots)
(04/11/2020 - 10/11/2020)
(knots)
0 2 4


Cloud Amount (Octa)
(04/11/2020 - 10/11/2020)
(Octa)
0 1 2

# আবহাওয়া পূর্বাভাস


আবহাওয়া পূর্বাভাস ০৮/১১/২০২০ হতে ১৪/১১/২০২০ তারিখ পর্যন্তঃ


এ সপ্তাহে দৈনিক উজ্জ্বল সূর্য কিরণ কাল ৬.০০ থেকে ৭.০০ ঘন্টার মধ্যে থাকতে পারে ।


এ সপ্তাহের বাষ্পীভবনের দৈনিক গড় ৩.০০ মিঃ মিঃ থেকে ৪.০০ মিঃ মিঃ থাকতে পারে।


- এ সময় সারা দেশের আকাশ আংশিক মেঘলাসহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে।
- এ সময় দেশের উত্তরাঞ্চল এবং নদী অববাহিকায় শেষরাত হতে সকাল পর্যন্ত হালকা কুয়াশা পড়তে পারে।
- এ সময় দিন ও রাতের তাপমাত্রা (১-২ $^{0}$সে) কমতে পারে।


আগামী ৫ দিনের জেলাওয়ারী পরিমানগত আবহাওয়া পূর্বাভাস (**১১ নভেম্বর** হতে **১৫ নভেম্বর** ২০২০ পর্যন্ত)









Minimum Temperature (°C)
(11/11/2020 - 15/11/2020)
14 16 18 20
(°C)


Diurnal Temperature (°C)
(11/11/2020 - 15/11/2020)
10 12 14 16
(°C)


Maximum Humidity (%)
(11/11/2020-15/11/2020)
47 56 65 74 83
(%)



Minimum Humidity (%)
(11/11/2020 - 15/11/2020)
42 48 54 60 66
(%)




Wind Speed (knots)
(11/11/2020 - 15/11/2020)
(knots)
1
2
3

# বাংলাদেশের উপর বিভিন্ন উপগ্রহ **থেকে প্রাপ্ত তথ্যঃ**


NOAA/VIIRS BLENDED NDVI composite for the week No. 44 (27 October -02 November) over Agricultural regions of Bangladesh




NOAA/ AVHRR BLENDED VCI composite for the week No. 44 (27 October -02 November) over Agricultural regions of Bangladesh




NOAA/ AVHRR BLENDED TCI composite for the week No. 44 (27 October -02 November) over Agricultural regions of Bangladesh




NOAA/ AVHRR BLENDED VHI composite for the week No. 44 (27 October -02 November) over Agricultural regions of Bangladesh

